

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, ফেব্রুয়ারি ২১, ২০১৪

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ৬ ফেব্রুয়ারি ২০১৪

নং দুদক/৩০-২০০৮(গ)/সংস্থাপন(অংশ-৬)/৪০৭৬—দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতন স্কেল ২০০৯-এর টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ বেতনক্রমে দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক হিসেবে নিয়োগ করা হলো :

ক্রমিক নম্বর	রোল নম্বর	নাম	নিজ জেলা
(১)	২৭৪৭৫	মোঃ হুমায়ুন কবীর	নেত্রকোণা
(২)	২৫৮৩৩	শেখ গোলাম মাওলা	ময়মনসিংহ
(৩)	২০৭১৬	কমলেশ মন্ডল	সাতক্ষীরা
(৪)	১১০২৬	মোঃ জাহিদ কালাম	ব্রাহ্মণবাড়িয়া
(৫)	৩৫২৭৩	মামুনুর রশীদ চৌধুরী	জামালপুর
(৬)	২২৭৭৮	মোঃ নাজমুল হুসাইন	নড়াইল
(৭)	৩৪২৫৮	মোঃ সাইফুল ইসলাম	মাদারীপুর
(৮)	৩৪৬৭৯	মোঃ ইমরান হোসেন	শরীয়তপুর
(৯)	২৭৭৩৬	আশরাফ উল্লাহ	নেত্রকোণা
(১০)	১৭১৮৫	মোঃ আল-আমিন	কুড়িগ্রাম

( ৬১১৫ )

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নম্বর	রোল নম্বর	নাম	নিজ জেলা
(১১)	২০৪৮২	রাম প্রসাদ মন্ডল	সাতক্ষীরা
(১২)	৩৫৩২২	রেজাউল করিম	জামালপুর
(১৩)	৩০২৮৭	মোঃ শাহরিয়ার জামিল	ঢাকা

**শর্তাবলী :**

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস থাকবেন;
- (গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সাফল্যজনকভাবে দায়িত্ব পালনের পর সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশনের/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ১৬ (২) বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
- (ছ) যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড দ্বারা স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে (স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার পরামর্শ দেয়া গেল);
- (জ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভুয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ০২-০৩-২০১৪ হতে ০৬-০৩-২০১৪ তারিখের মধ্যে সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মোঃ ফয়জুর রহমান চৌধুরী  
সচিব।